

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা জজ এর কার্যালয়, রাজশাহী  
(প্রশাসন শাখা)

rajshahi.judiciary.gov.bd

নং-১৪২/২৫-জি,

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২  
২৯ অক্টোবর ২০২৫

অফিস আদেশ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৪ এর ২০ অক্টোবর, ২০২৫খ্রিঃ তারিখের এস.আর.ও. নং ৪১৭-আইন/২০২৫ মূলে রাজশাহী জেলায় ০১(এক)টি পারিবারিক আপীল আদালত প্রতিষ্ঠাপূর্বক সরকারী আদেশ জারী করা হয়েছে। উপর্যুক্ত এস.আর.ও. মোতাবেক রাজশাহী জেলায় নব-সৃজিত ০১(এক)টি পারিবারিক আপীল আদালতে অদ্য ২৯/১০/২০২৫খ্রিঃ তারিখ হতে বিচারিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু হবে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নলিখিত ছকের ২নং কলামে বর্ণিত নব-সৃজিত পারিবারিক আপীল আদালত এর বিচারিক ও প্রশাসনিক কার্যক্রম জেলা জজ আদালত এর বিদ্যমান এজলাস ও সেরেস্তায় ৩নং কলামে বর্ণিত জেলা জজ আদালত এর বিচারক নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করবেন।

অদ্য ২৯/১০/২০২৫খ্রিঃ তারিখ হতে বিদ্যমান সংশ্লিষ্ট যুগ্ম জেলা জজ আদালত ও অতিরিক্ত জেলা জজ আদালতসমূহ এ বিচারাধীন সকল প্রকার পারিবারিক আপীল মোকদ্দমা নব-সৃজিত নিম্নলিখিত ছকের ২নং কলামে বর্ণিত সংশ্লিষ্ট পারিবারিক আপীল আদালতে বিচার ও নিষ্পত্তির লক্ষ্যে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং নব-সৃজিত পারিবারিক আপীল আদালতের নতুন কোর্ট ডাইরী ও কজলিস্টে বিচারাধীন মামলা অন্তর্ভুক্তিকরণ ও ফলাফল অগ্রগামী নিশ্চিত করার জন্য অত্রাদালতের বেঞ্চ সহকারীকে নির্দেশ প্রদান করা হলো।

ক্রমিক নং	নব-সৃজিত আদালত	দায়িত্বপ্রাপ্ত আদালত/বিচারক
(১)	(২)	(৩)
১।	পারিবারিক আপীল আদালত, রাজশাহী (জেলা ও মেট্রোপলিটন এলাকা)	জেলা জজ আদালত, রাজশাহী।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উল্লিখিত ছকের ৩নং কলামে বর্ণিত জেলা জজ আদালতের বেঞ্চ সহকারী নব-সৃজিত ২নং কলামে বর্ণিত পারিবারিক আপীল আদালতের বেঞ্চ সহকারী হিসেবে এবং জেলা জজ আদালতের আপীল সহকারী পারিবারিক আপীল আদালতের আপীল সহকারী হিসেবে নিজ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করবেন।

সংশ্লিষ্ট বিচারিক কর্মকর্তা বিধি মোতাবেক দায়িত্বভাড়া প্রাপ্ত হবেন।

জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হোক।

  
(এ, এইচ, এম, মাহমুদুর রহমান)  
সিনিয়র জেলা জজ  
রাজশাহী।

সার্ভিস আইডি-১৯৯৮১১৮১২৫

ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং-৪১৮/২৫-(৩৬)/জি,


তারিখ: ১৩ কার্তিক ১৪৩২  
২৯ অক্টোবর ২০২৫

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

- ১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ৩। অতিরিক্ত জেলা জজ আদালত-২, ৩, ৪ ও ৫, রাজশাহী।
- ৪। যুগ্ম জেলা জজ আদালত-১, ২ ও অতিরিক্ত, রাজশাহী।
- ৫। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/নকল বিভাগ/হিসাব বিভাগ/লাইব্রেরী/মহাফেজ খানা, জেলা জজ আদালত, রাজশাহী।
- ৬। সিনিয়র সহকারী জজ আদালত, সদর/অতিরিক্ত সদর/পবা/গোদাগাড়ী, রাজশাহী।
- ৭। সহকারী জজ, বাগমারা/চারঘাট/তানোর/বাঘা/মোহনপুর/দুর্গাপুর/পুঠিয়া আদালত, রাজশাহী।
- ৮। পারিবারিক আদালত- ১, ২, ৩, ৪ ও ৫, রাজশাহী।
- ৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, রাজশাহী।
- ১০। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, রাজশাহী।
- ১২। কোর্ট পুলিশ পরিদর্শক, রাজশাহী।
- ১৩। নোটিস বোর্ড (সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য)।
- ১৪। অফিস কপি।

  
(এ, এইচ, এম, মাহমুদুর রহমান)  
সিনিয়র জেলা জজ  
রাজশাহী।